



সাংবাদিক ইলিয়াস হোসেনের ‘বাংলা এডিশন’ এর নিবন্ধন বাতিল



সংগৃহীত ছবি

সাম্প্রতিক হাদীর মৃত্যুকে কেন্দ্র করে দেশের শীর্ষ গণমাধ্যম প্রথম আলো ও ডেইলি স্টার-এর বিরুদ্ধে হামলার উসকানি ছড়ানোর অভিযোগে প্রবাসী সাংবাদিক ইলিয়াস হোসেনের মালিকানাধীন নিউজ পোর্টাল ‘বাংলা এডিশন’-এর নিবন্ধন বাতিল করেছে অন্তর্বর্তী সরকার। রাষ্ট্রীয় নিরাপত্তা ও গণমাধ্যমের স্বাধীনতা রক্ষার স্বার্থে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

সাম্প্রতিক সময়ে হাদীর মৃত্যুর ঘটনাকে ঘিরে সামাজিক যোগাযোগমাধ্যম ও অনলাইন প্ল্যাটফর্মে উত্তেজনা ছড়ানোর অভিযোগ ওঠে। এই প্রেক্ষাপটে দেশের প্রভাবশালী দুটি গণমাধ্যম—প্রথম আলো ও ডেইলি স্টার-এর বিরুদ্ধে প্রকাশ্য হামলার উসকানি দিয়েছিল প্রবাসী সাংবাদিক ইলিয়াস হোসেন এবং তার মালিকানাধীন বাংলা এডিশন পোর্টাল। গণমাধ্যমবিরোধী বিদ্বেষ উসকে দিয়ে এবং জনশৃঙ্খলা বিঘ্নিত করেছিল।

এই পরিস্থিতিতে অন্তর্বর্তী সরকার তথ্য যাচাই ও আইনগত পর্যালোচনা শেষে পোর্টালটির নিবন্ধন বাতিলের সিদ্ধান্ত নেয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে, স্বাধীন সাংবাদিকতা ও দায়িত্বশীল মতপ্রকাশের নামে সহিংসতা বা হামলার আহ্বান কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

এ বিষয়ে এখনো ইলিয়াস হোসেন বা ‘বাংলা এডিশন’-এর পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।